২০২৪

বাংলা — সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : SEC-A-1 এবং SEC-A-2

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

পত্র : SEC-A-1

(মুদ্রণ ও প্রকাশনা)

পূর্ণমান - ৮০

১। (ক) পাণ্ডুলিপি কাকে বলে? একটি সার্থক পাণ্ডুলিপির কী কী বৈশিষ্ট্য থাকা আবশ্যক তা লেখো। ১০

অথবা,

(খ) পত্রিকার পঞ্জিকরণ বলতে কী বোঝো? পঞ্জিকরণের লক্ষ ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ১০

২। (ক) আধুনিক মুদ্রণ ব্যবস্থায় 'পেজমেকার'-এর ভূমিকা সম্পর্কে লেখো। ১০

অথবা,

(খ) প্রকাশনার জগতে 'ইনডিজাইন'-এর ভূমিকা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

৩। (ক) প্রুফ সংশোধনের ক্ষেত্রে ব্যবহৃত যে-কোনো দশটি চিহ্নের প্রয়োগ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১০

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো—

বাল্মিকি, সতদল, মুদ্রনশিল্প, ভৌগলিক, দূর্গা, শারিরিক, ভূষন, নিস্পত্তি, গিতাঞ্জলি, সুভক্ষন। ১০

অথবা,

(খ) গ্রন্থ বিপণন (মার্কেটিং) সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও । ৫×৬

(ক) বাংলা যুক্তাক্ষর সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) একটি বিশেষ বিষয়ে গল্প-সংকলন কীভাবে তৈরি করা যায়?

(গ) টীকা লেখো— এম.এস. ওয়ার্ড।

(ঘ) টীকা লেখো— কোরেল ড্র।

(ঙ) স্পাইরাল বাইন্ডিং সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(চ) টীকা লেখো— কারসর, স্ট্যাটাস বার।

(ছ) অটো-কারেক্ট অপশন কাকে বলে? এর কার্যকারিতার পরিচয় দাও।

(জ) ফন্ট সম্পর্কে আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও । ১×২০

(ক) বুক জ্যাকেট বই-এর কোন অংশ?

(খ) 'দ্বন্দ্ব' শব্দটি ভেঙে লেখো।

(গ) 'জ্ঞ'-এর মধ্যে কোন কোন ব্যঞ্জনবর্ণ আছে?

(ঘ) 'বিবলিওগ্রাফি' কী?

(ঙ) গ্রন্থের পঞ্জিকরণের যে-কোনো একটি কারণ উল্লেখ করো।

(চ) ব্লার্ব কী?

(ছ) ফ্লাইলিফ (Flyleaf) বলতে কী বোঝো?

(জ) 'নির্ঘণ্ট' (Index) কী?

(ঝ) এম.এস.ওয়ার্ড-এর পুরো শব্দটি কী?

(ঞ) বারকোড কাকে বলে?

(ট) 'Ctrl + P'-এর কাজ কী?

(ঠ) থ্রিডি মুদ্রণ কাকে বলে?

(ড) 'কোরেল ফটো পেইন্ট' কী?

(ঢ) আধুনিক ছাপাখানার জনক কাকে বলা হয়?

(ণ) ১৭৭৮ খ্রিস্টাব্দ কীজন্য মুদ্রণ ইতিহাসে স্মরণীয়?

(ত) প্রথম সচিত্র বাংলা বই-এর নাম লেখো।

(থ) প্রুফ সংশোধনে # চিহ্নের অর্থ কী?

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো—অন্বেষন।

(দ) ছাপাখানার ইতিহাসে গঙ্গাকিশোর ভট্টাচার্যের ভূমিকা কী?

(ধ) পি.ও.ডি. (POD) কী?

(ন) প্রুফ সংশোধনে অনুচ্ছেদ ভাঙার চিহ্ন কী?

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো— সমিচীন।

পত্র : SEC-A-2

(ব্যবহারিক বাংলা - ১)

পূর্ণমান - ৮০

১। (ক) নিচের অসমাপ্ত গল্পসূত্রটিকে অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে একটি কাহিনি নির্মাণ করো। ১০

বহুদিন পর ট্রেনযাত্রায় কলেজ জীবনের দুই বন্ধুর দেখা— পুরনো কথা, স্মৃতিচারণ-বর্তমান পরিস্থিতি সম্বন্ধে আলোচনা করতে করতে হঠাৎই এক বন্ধুর নামার স্টেশন চলে আসে। বাকি থেকে যায় অনেক কথা....

অথবা,

(খ) নিম্নলিখিত কাহিনি অবলম্বনে একটি চিত্রনাট্য রচনা করো। ১০

পুলিস আসামি এবং সাক্ষী লইয়া আদালতে হাজির। সম্মুখবর্তী মুন্সেফের কোর্টে বিস্তর লোক নিজ নিজ মোকদ্দমার অপেক্ষায় বসিয়া আছে। রন্ধনশালার পশ্চাদ্‌বর্তী একটি ডোবার অংশবিভাগ লইয়া কলিকাতা হইতে এক উকিল আসিয়াছে এবং তদুপলক্ষ্যে বাদীর পক্ষে উনচল্লিশজন সাক্ষী উপস্থিত আছে। কত শত লোক আপন কড়াকন্ডা হিসাবের চুলচেরা মীমাংসা করিবার জন্য ব্যগ্র হইয়া আসিয়াছে, হাতে আপাতত তদপেক্ষা গুরুতর আর কিছুই উপস্থিত নাই এইরূপ তাহাদের ধারণা। ছিদাম বাতায়ন হইতে এই অত্যন্ত ব্যস্ত সমস্ত প্রতিদিনের পৃথিবীর দিকে চাহিয়া আছে। সমস্ত স্বপ্নের মতো বোধ হইতেছে। কম্পাউন্ডের বৃহৎ বটগাছ হইতে একটি কোকিল ডাকিতেছে— তাহাদের কোনোরূপ আইন-আদালত নাই।

চন্দরা জজের কাছে কহিল, "ওগো সাহেব, এক কথা আর বার বার কত বার করিয়া বলিব।"

জজসাহেব তাহাকে বলিলেন, "তুমি যে অপরাধ স্বীকার করিতেছ তাহার শাস্তি কী জান?"

চন্দরা কহিল, "না"

জজসাহেব কহিলেন, "তাহার শাস্তি ফাঁসি"

চন্দরা কহিল, "ওগো তোমার পায়ে পড়ি তাই দাও না, সাহেব।"

তোমাদের যাহা খুশি করো, আমার তো আর সহ্য হয় না।

যখন ছিদামকে আদালতে উপস্থিত করিল চন্দরা মুখ ফিরাইল। জজ কহিলেন "সাক্ষীর দিকে চাহিয়া বলো, 'এ তোমার কে হয়?'' চন্দরা দুই হাতে মুখ ঢাকিয়া কহিল, "ও আমার স্বামী হয়।"

প্রশ্ন হইল, "ও তোমায় ভালোবাসে না?"

উত্তর। উঃ ভারি ভালোবাসে।

প্রশ্ন। তুমি উহাকে ভালোবাস না?

উত্তর। খুব ভালোবাসি।

ছিদামকে যখন প্রশ্ন করা হইল ছিদাম কহিল, "আমি খুন করিয়াছি।"

প্রশ্ন। কেন।

ছিদাম। ভাত চাহিয়াছিলাম। বড়োবউ ভাত দেয় নাই।

দুখিরাম সাক্ষ্য দিতে আসিয়া মুর্ছিত হইয়া পড়িল। মূর্ছাভঙ্গের পর উত্তর করিল, "সাহেব, খুন আমি করিয়াছি।"

'কেন'?

"ভাত চাহিয়াছিলাম, ভাত দেয় নাই।"

২। (ক) আবৃত্তি চর্চার মূল সূত্রগুলি আলোচনা করো। ১০

অথবা,

(খ) কলাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

৩। (ক) সাহিত্য ও চলচ্চিত্রের সম্পর্ক আলোচনা করো। ১০

অথবা,

(খ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রটির সঙ্গে উপন্যাসের ফারাকগুলি পর্যালোচনা করো। ১০

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও । ৫×৬

(ক) 'পথের পাঁচালী' সিনেমায় ইন্দিরা ঠাকুরণ ও দুর্গার মৃত্যু বোঝাতে কী কী প্রতীক সত্যজিৎ রায় ব্যবহার করেছেন?

(খ) টীকা লেখো— দল, অক্ষর।

(গ) আবৃত্তিতে আলো ও আবহসংগীতের ব্যবহার আলোচনা করো।

(ঘ) ছোটোগল্পের বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঙ) 'ক্ষুধিত পাষাণ' গল্পের অতিপ্রাকৃত রস তপন সিংহ কীভাবে চলচ্চিত্রে রক্ষা করেছেন?

(চ) দলবৃত্তের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(ছ) টীকা লেখো— গল্পের শিরোনাম।

(জ) বাংলা ভাষা বা শব্দের সঠিক উচ্চারণের ক্ষেত্রে কোথাকার উচ্চারণকে আদর্শ বা মানদণ্ড ধরা হয় এবং তা কতটা যুক্তিযুক্ত সে বিষয়ে আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও । ১×২০

(ক) কোন ছন্দকে ধীর লয়ের ছন্দ বলা হয়?

(খ) 'পথের পাঁচালী' সিনেমার ক্যামেরাম্যানের নাম লেখো।

(গ) 'ক্যালকাটা ফিল্‌ম সোসাইটি'-র প্রতিষ্ঠা কবে হয়?

(ঘ) দুটি যৌগিক স্বরের উদাহরণ দাও।

(ঙ) মুক্তক ছন্দের প্রবর্তক কে?

(চ) শরৎচন্দ্রের উপন্যাস থেকে নাটক হয়েছে— একটি উদাহরণ দাও।

(ছ) যবনিকা কী?

(জ) 'ক্ষুধিত পাষাণ' কবে মুক্তি পায়?

(ঝ) ফ্ল্যাশব্যাক কী?

(ঞ) ঋত্বিক ঘটকের দুটি সিনেমার নাম লেখো।

(ট) কাহিনি কী?

(ঠ) প্লট কী?

(ড) 'চোখের বালি' চলচ্চিত্রের পরিচালকের নাম কী?

(ঢ) বাংলা ভাষায় প্রথম চলচ্চিত্রের নাম কী?

(ণ) 'সবুজ দ্বীপের রাজা' ছবির পরিচালক কে?

(ত) 'তিন কন্যা'— কোন কোন গল্প নিয়ে সিনেমাটি তৈরি করা হয়েছে?

(থ) আবৃত্তি বিষয়ক যে-কোনো একটি বাংলা গ্রন্থের নাম লেখো।

(দ) 'বিষয় চলচ্চিত্র'— বইটির লেখক কে?

(ধ) 'কবিতার ক্লাস'— গ্রন্থটির রচয়িতা কে?

(ন) 'পথের পাঁচালী' উপন্যাসটির প্রকাশকাল লেখো।